

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৩৭

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০১. প্রথম বৈঠকে তাশাহ্হদ পড়তে ভুলে গেলে

باب مَنْ نَسِيَ أَنْ يَتَشَهَّدَ وَهُوَ جَالِسٌ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللهِ بْنُ عُمَرَ الْجُشَمِيُّ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَخْبَرَنَا الْمَسْعُودِيُّ، عَنْ زِيَادِ بْنِ عِلَاقَةَ، قَالَ صَلَّى بِنَا الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ فَنَهَضَ فِي الرَّكْعَتَيْنِ قُلْنَا سُبْحَانَ اللهِ قَالَ سُبْحَانَ اللهِ قَالَ سُبْحَانَ اللهِ قَالَ سُبْحَانَ اللهِ وَمَضَى فَلَمَّا أَتَمَّ صَلَاتَهُ وَسَلَّمَ سَجَدَ سَجْدَتَى السَّهُو فَلَمَّا انْصَرَفَ قَالَ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَصنْنَعُ كَمَا صَنَعْتُ .

_ صحیح

قَالَ أَبُو دَاؤُدَ وَكَذَلِكَ رَوَاهُ ابْنُ أَبِي لَيْلَى عَنِ الشَّعْبِيِّ عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ وَرَفَعَهُ وَرَوَاهُ أَبُو عُمَيْسٍ عَنْ ثَابِتِ بْنِ عُبَيْدٍ قَالَ صَلَّى بِنَا الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ مِثْلَ حَديثِ زِيَادِ بْنِ عُبَيْدٍ قَالَ صَلَّى بِنَا الْمُغِيرَةُ بْنُ شُعْبَةَ مِثْلَ حَديثِ زِيَادِ بْنِ عِلَاقَةَ قَالَ أَبُو دَاؤُدَ أَبُو عُمَيْسٍ أَخُو الْمَسْعُودِيِّ وَفَعَلَ سَعْدُ بْنُ أَبِي وَقَاصٍ مِثْلَ مَا فَعَلَ الْمُغِيرَةُ وَعِمْرَانُ بْنُ حُصَيْنٍ وَالضَّحَاكُ بْنُ قَيْسٍ وَمُعَاوِيَةُ بْنُ أَبِي سُفْيَانَ وَابْنُ عَبَّاسٍ الْمُغِيرَةُ وَعِمْرَانُ بْنُ حُصَيْنٍ وَالضَّحَاكُ بْنُ قَيْسٍ وَمُعَاوِيَةُ بْنُ أَبِي سُفْيَانَ وَابْنُ عَبَّاسٍ أَفْتَى بِذَلِكَ وَعُمَرُ بْنُ عَبْدِ الْعَزِيزِ . قَالَ أَبُو دَاؤُدَ هَذَا فِيمَنْ قَامَ مِنْ ثِنْتَيْنِ ثُمَّ سَجَدُوا بَعْدَ مَا سَلَّمُوا

_ خبر سعد : صحيح ، و خبر عمران بن حصين : رجاله ثقات ، و خبر الضحاك : لم أره ، و خبر معاوية : ضعيف ، و فتيا ابن عباس : حسن ، و فتيا عمر : ضعيف .

বাংলা



১০৩৭। যিয়াদ ইবনু 'ইলাক্কাহ (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, মুগীরাহ ইবনু শু'বাহ (রাঃ) আমাদেরকে নিয়ে সালাত আদায় করলেন। তিনি দ্বিতীয় রাক'আতের পর তিনি দাঁড়িয়ে গেলে আমরা 'সুবহানাল্লাহ' বললাম, তখন তিনিও 'সুবহানাল্লাহ' বললেন এবং ঐভাবেই সালাত শেষ করে সালাম ফিরানোর পর ভুলের জন্য দু'টি সিজদা করলেন। সালাত শেষে তিনি আমাদের দিকে ঘুরে বললেন, আমি আমার মত রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কেও করতে দেখেছি।[1]

সহীহ।

ইমাম আবৃ দাউদ (রহঃ) বলেছেন, ইবনু আবৃ লায়লাহ শা'বীর হতে মুগীরাহ ইবনু শু'বাহ (রাঃ) সূত্রে মরফূ' হিসেবে হাদীস বর্ণনা করেছেন। আর আবৃ 'উমাইস ('উতবাহ ইবনু 'আবদুল্লাহ) সাবিত ইবনু 'আবদুল্লাহ হতে বর্ণনা করেছেন। তিনি বলেছেন, মুগীরাহ ইবনু শু'বাহ (রাঃ) আমাদেরকে নিয়ে সালাত আদায় করলেন.... যিয়াদ ইবনু 'ইলাকাহর হাদীসের অনুরূপ ইমাম আবৃ দাউদ (রহ) বর্ণনা করেছেন, আবৃ 'উমাইস ('উতবাহ ইবনু 'আবদুল্লাহ) হলেন আল-মাসউদীর ভাই। মুগীরাহ ইবনু শু'বাহ যেরূপ করেছেন সা'দ ইবনু আবৃ সুফয়ান 'ইমরান ইবনু হুসাইন, দাহহাক ইবনু কায়িস এবং মু'আবিয়াহ ইবনু আবৃ সুফয়ান (রাঃ)-ও অনুরূপ করেছেন। 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) এবং 'উমার ইবনু 'আবদুল 'আযীয (রহঃ) এ ফাতাওয়াহ দিয়েছেন। ইমাম আবৃ দাউদ বলেন, যারা সালাতে দু' রাক'আতের পর না বসে (ভুল বশতঃ) দাঁড়িয়ে যায় এবং সালাম ফিরানোর পর সিজদা আদায় করে এটা তাদের জন্য।

সা'দ এর খবরঃ সহীহ। 'ইমরান ইবনু হুসাইনের খবরঃ বিশ্বস্ত রিজাল। দাহহাক এর খবরঃ আমি পাইনি। মু'আবিয়ার খবরঃ দুর্বল। ইবনু 'আব্বাসের ফাতাওয়াহঃ হাসান। আর 'উমারের ফাতাওয়াহঃ দুর্বল।

English

Narrated Al-Mughirah ibn Shu'bah:

Ziyad ibn Ilaqah said: Al-Mughirah ibn Shu'bah led us in prayer and he stood up at the end of two rak'ahs. We said: Glory be to Allah; he also said: Glory be to Allah, and he proceeded. When he finished the prayer and gave the salutation, he made two prostrations of forgetfulness. When he turned (to us) he said: I saw the Messenger of Allah () doing so as I did.

Abu Dawud said: Ibn Abi Laila narrated this tradition in a similar manner from al-Shaibi from al-Mughirah b. Shu'bah. Abu 'Umais narrated it from Thabit b. 'Ubaid saying: "Al-Mughirah b. Shu'bah led us in prayer, like the tradition reported by Ziyad b. 'Illagah.

Abu Dawud said: Abu 'Umais is the brother of al-Mas'udi. And Sa'd b. Abi Waqqas did the same as done by al-Mughirah, 'Imran b. Husain, Dahhak b.



Qais and Mu'awiyah b. Abi Sufyan. Ibn 'Abbas and 'Umar b. 'Abd al-'Aziz issued legel verdict to the same effect.

Abu Dawud said: This applies to a person who stands up at the end of two rak'ahs and males prostration after giving the salutation.

ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায় : আবওয়াবুস সালাত, অনুঃ ইমাম যদি ভুলক্রমে দ্বিতীয় রাক'আতে দাঁড়িয়ে যায়, হাঃ ৩৬৫, ইমাম তিরমিয়ী বলেন, এই হাদীসটি হাসান সহীহ), আহমাদ (৪/২৪৭, ২৫৩, ২৫৪) ইয়ায়ীদ ইবনু হারূন হতে।

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ যিয়াদ ইবনু 'ইলাকা (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন